দৈনিক জনকণ্ঠ

তারিখ NOV. 10 2006 পৃষ্ঠা 2 কলাম 2

# ১৪ মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা ১৭ নবেম্বর ॥ প্রতি আসনে ১২ শিক্ষার্থী

স্টাফ রিপোর্টার ॥ আগামী ১৭ নবেম্বর অনুষ্ঠিত হবে দেশের ১৪টি মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা। ২০০৬-০৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় প্রতি আসনের বিপরীতে ১২ শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে। এবারই প্রথমবারের মতো পরীক্ষার্থীদের আসন বণ্টনে 'অটোমেটিক নাম্বার রিজেনারেশন'-এর ব্যবহার করা হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও প্রার্থীদের ইচ্ছে অনুযায়ী আসন বণ্টন ব্যবস্থা ভেঙ্গে স্বাস্থ্য অধিদফতর থেকে তা ঠিক করা হবে। এর ফলে একই প্রতিষ্ঠানের প্রার্থীর ভিন্ন ভিন্ন হলে আসন পড়বে। ১৪টি মেডিক্যাল কলেজে মোট আসন হচ্ছে ২হাজার ৬০টি। এবারে ভর্তি পরীক্ষায় অংশ নেবে ২৪হাজার ১শ' ৮০ জন। ২০০৫-০৬ শিক্ষাবর্ষ থেকে সব কয়টি মেডিক্যাল কলেজে প্রায় সাড়ে ৫শ' আসন বৃদ্ধি করা হয়েছে। আগে প্রায় সাড়ে ১৪শ' আসন ছিল। আজ শুক্রবার পূর্বঘোষিত তারিখ অনুযায়ী ভর্তি পরীক্ষার তারিখ আকস্মিক পেছানোর ব্যাপারে স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (চিকিৎসা শিক্ষা) ডা. শেফায়েত উল্লাহ বলেছেন, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক পদে রদবদলের কারণেই মূলত পরীক্ষার তারিখ পেছানো হয়েছে।

## জয়নুল হক সিকদার ওমেন্স মেডিক্যালে ভর্তি পরীক্ষা ১৮ নবেম্বর

জয়নুল হক সিকদার ওমেন্স মেডিক্যাল কলেজে ২০০৬-২০০৭ শিক্ষাবর্ষের এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষা অনিবার্য কারণবশত আগামী রবিবারের পরিবর্তে ১৮ নবেম্বর অনুষ্ঠিত হবে। এ সংক্রান্ত অন্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।